দর্শনা কেরুতে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

দেশব্যাপী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন জিয়া পরিষদের উদ্যোগে দর্শনা কেরু অ্যান্ড কোম্পানিতে বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২৬ জুলাই) সকাল ১০টায় কেরু অ্যান্ড কোম্পানির ব্যাচেলর ভবনের সামনের মাঠে এ কর্মসূচির উদ্বোধন করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বেশি বেশি গাছ লাগানোর বিকল্প নেই। গাছ আমাদের অক্সিজেন, ফল, কাঠ, ওষুধ ও খাদ্যসহ নানাভাবে উপকার করে। তাই প্রত্যেকের উচিত বাড়ির আঙিনা, ছাদ ও পতিত জমিতে অন্তত একটি করে গাছ রোপণ করা।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিএম (কারখানা) সুমন কুমার সাহা, জিএম (অর্থ) মোহাম্মদ আব্দুছ ছাত্তার, জিএম (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া, জিএম (ডিস্টিলারি) রাজিবুল হাসান, জিএম (প্রশাসন) আল ফারুক ওমর শরীফ গালিব, ডিএজিএম (সম্প্রসারণ) মাহবুবুর রহমান, ব্যবস্থাপক (ফার্ম) সুমন কুমার সাহা, ডিএজিএম (এসআই ও এগ্রো) দেলোয়ার হোসেন, ডিহি ফার্ম ইনচার্জ ইমদাদুল হক, বিভিন্ন সাব-জোনের প্রধানসহ প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

অনুষ্ঠানে বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা এবং সবুজ বাংলাদেশ গড়ে তুলতে সবাইকে বেশি বেশি বৃক্ষরোপণের আহ্বান জানান।

দর্শনায় ৬ মাদক কারবারি ও এক

চোর আটক

চুয়াডাঙ্গার দর্শনায় পৃথক অভিযানে ৬ মাদক কারবারি ও এক চোরকে আটক করেছে দর্শনা থানা পুলিশ। পরে ভ্রাম্যমাণ আদালত ও সামারি ট্রায়ালে তাদের বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়েছে।

পুলিশ জানায়, গতকাল বুধবার দিন-রাতব্যাপী অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে তাদের বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সামারি ট্রায়ালে হাজির করা হলে বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করা হয়।

জানা গেছে, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) নজরুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা শান্তিপাড়া আবাসনসংলগ্ন ঝন্টু মিয়ার চায়ের দোকানের সামনে অভিযান চালায়। এ সময় মাদক কেনাবেচার সময় আব্দুল মালেকের ছেলে জোবায়ের হোসেন (৩৪), দর্শনা আনোয়ারপুর গ্রামের আকরাম খাঁর ছেলে হাবিবুর হাকিম বিপ্লব (৩১), পরানপুর গ্রামের জাহিদুল ইসলামের ছেলে রহিম
(২২) এবং শান্তিপাড়ার আব্দুল ওহাব মিয়ার ছেলে শাহিন মিয়া (৫১)-কে আটক করা হয়। তাদের কাছ থেকে ৯ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

অপরদিকে দর্শনা আকন্দবাড়িয়া যুবসমাজ এলাকায় অভিযান চালিয়ে এক ডজন মাদক মামলার আসামি রাশিদা খাতুন (৫৯) ও তার ছেলে সিজার ইসলাম (২৬)-কে আটক করা হয়। পরে স্থানীয়রা তাদের দর্শনা থানা পুলিশের কাছে সোপর্দ করেন।

এ ছাড়া দর্শনা আনোয়ারপুর হঠাৎপাড়া এলাকায় আব্দুর জব্বারের বাড়ির পেছনের মেহগনি বাগান থেকে একটি টেলিভিশন চুরি করে পালানোর সময় দক্ষিণচাঁদপুর গ্রামের বারেক মিয়ার ছেলে রফিকুল ইসলাম (২৬)-কে আটক করে পুলিশ।

পরে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সামারি ট্রায়ালে জোবায়ের হোসেনকে ১ বছরের কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৭ দিনের কারাদণ্ড দেওয়া হয়।

হাবিবুর হাকিম বিপ্লবকে ১ বছরের কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

রহিম ও শাহিন মিয়াকে পৃথকভাবে ২ মাসের কারাদণ্ড এবং ৫০০ টাকা

জরিমানা, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

রাশিদা খাতুনকে ১ বছরের কারাদণ্ড, ৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

সিজার ইসলামকে ২ মাসের কারাদণ্ড এবং ৫০০ টাকা জরিমানা, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

এদিকে চুরির ঘটনায় আটক রফিকুল ইসলামকে ২ বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করেন আদালত।

দর্শনায় আখ চাষী কল্যাণ সংস্থার বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু অ্যান্ড কোম্পানি চিনিকলের গেট আখ চাষী কল্যাণ সংস্থার বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২০ জুলাই) বেলা ১১টায় মা ও শিশু জেনারেল হাসপাতাল কেন্দ্রের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় কেরু চিনিকল গেট আখ চাষী কল্যাণ সংস্থার আহ্বায়ক নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু অ্যান্ড কোম্পানির উপমহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূঁইয়া।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “আপনারা একটি ভালো উদ্যোগ নিয়েছেন। সারা বাংলাদেশের কোনো চিনিকলেই আখচাষীদের উদ্যোগে প্রতিষ্ঠিত এমন হাসপাতাল নেই। যারা এ মহৎ কাজটি করে গেছেন, তারা আজ আমাদের মাঝে নেই। তবে তাদের রেখে যাওয়া প্রতিষ্ঠানের সুফল আমরা সবাই ভোগ করছি।

তাই হাসপাতালটি টিকিয়ে রাখতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আপনারা আগের মতো বেশি বেশি আখ চাষ করুন, মিল ঘুরে দাঁড়াবে, সেই সঙ্গে আপনারাও লাভবান হবেন। বেশি বেশি আখ লাগান, মিল বাঁচান।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু অ্যান্ড কোম্পানির সহকারী উপমহাব্যবস্থাপক (সম্প্রসারণ) মাহবুবুর রহমান।

সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক ও বিশিষ্ট আখচাষী মাহবুবুল ইসলাম খোকনকে আহ্বায়ক করে ৯ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়। এ কমিটি পরবর্তীতে নির্বাচন আয়োজনের মাধ্যমে দায়িত্ব হস্তান্তর করবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা কৃষক দলের সাধারণ সম্পাদক ও দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি তরফদার সাবু, দর্শনা পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম, পৌর বিএনপির সমন্বয়ক এনামুল হক শাহ মুকুল, শরীফ উদ্দীন, নাহারুল ইসলাম, ইকবাল হোসেন, মোমিনুল ইসলাম, শফিকুল আজম তোতা, অপু সুলতানসহ আখচাষী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দর্শনা-মুজিবনগর সড়কে বাসের চাপায় শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর সড়কে বাসের চাপায় সিয়াম (৪) নামে এক শিশু নিহত হয়েছে। সোমবার দুপুর ১টার দিকে ধান্যঘড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সিয়াম উপজেলার কুলগাছি ইউনিয়নের ধান্যঘড়া গ্রামের পলাশের ছেলে এবং স্থানীয় মা কিন্ডারগার্টেন স্কুলের নার্সারি শ্রেণির শিক্ষার্থী।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) মোখলেছুর রহমান জানান, সোমবার দুপুরে শিশু সিয়াম তার দাদীর সঙ্গে মা কিন্ডারগার্টেন স্কুল থেকে অটোগাড়িতে করে বাড়ি ফিরছিল।

ধান্যঘড়া রাইস মিল এলাকায় পৌঁছালে সে অটোগাড়ি থেকে নেমে রাস্তায় দাঁড়ায়। এ সময় দ্রুতগামী রেখা পরিবহনের একটি বাস তাকে

সজোরে ধাক্কা দেয়। এতে রাস্তায় পড়ে মাথায় গুরুতর আঘাত পেয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

দুর্ঘটনার পর পুলিশ রেখা পরিবহনের বাসটি আটক করে থানা হেফাজতে নিয়েছে। সিয়ামের মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে রাখা হয়েছে। এ ঘটনায় মামলা হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

দর্শনায় যাত্রীবাহী ট্রেন চালুকরণসহ ৫দফা দাবিতে অবস্থান সমাবেশ

চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশন থেকে যাত্রীবাহী ট্রেন চালুকরণসহ পাঁচ দফা দাবিতে অবস্থান সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় দর্শনা রেল সংগ্রাম পরিষদের আয়োজনে দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশন প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। দর্শনা রেল সংগ্রাম পরিষদের সভাপতি রবিউল আলম বাবুর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, বাংলাদেশ কমিউনিস্ট পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক সৈয়দ মজনুর রহমান, এনসিপি নেতা তানভীর রহমান অনিক,দর্শনা বাস ট্রাক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক জাকারিয়া জাকির,ব্যবসায়ী মাহাবুবুর রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি ও জিএস আনোয়ারুল ইসলাম বাবু। বক্তারা বলেন,দর্শনা আন্তর্জাতিক স্টেশন হওয়া সত্ত্বেও দর্শনার যাত্রীরা কাঙ্ক্ষিত রেলসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। তাই দ্রুত পাঁচ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানান তারা।

দাবিগুলোর মধ্যে রয়েছে দর্শনা থেকে কোটচাঁদপুর, কালীগঞ্জ ও যশোর হয়ে ঢাকাগামী একটি আন্তঃনগর ট্রেন চালু, কুষ্টিয়া ও ঈশ্বরদীগামী দুটি লোকাল ট্রেন পুনরায় চালু, চিত্রা ডাউন ট্রেনের

দর্শনা হল্ট স্টেশনে যাত্রাবিরতি, দর্শনা-খুলনা ডাবল রেললাইন নির্মাণ দ্রুত শেষ করা এবং নির্মাণাধীন ওয়াশপিট প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করা।বক্তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, দাবি বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ না নিলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

দর্শনায় পল্লী বিদ্যুৎ অফিসে বিএনপির অবস্থান কর্মসূচি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ঘন ঘন লোডশেডিং, বিদ্যুৎ বণ্টনে বৈষম্য এবং ভুতুড়ে বিদ্যুৎ বিলের প্রতিবাদে পল্লী বিদ্যুৎ অফিসে অবস্থান কর্মসূচি পালন করেছেন বিএনপির নেতাকর্মীরা।

সোমবার দুপুর ১২টার দিকে দর্শনা পল্লী বিদ্যুতের এজিএম কার্যালয়ে কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে এসব সমস্যার দ্রুত সমাধানের আল্টিমেটাম দেন বিএনপি নেতারা। তারা জানান, আগামী সাত দিনের মধ্যে সমস্যার সমাধান না হলে বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে।

বিএনপি নেতারা অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে দর্শনা শিল্পাঞ্চলে ঘন ঘন লোডশেডিংয়ের কারণে শিল্পপ্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য ও সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। পাশাপাশি ভুতুড়ে বিদ্যুৎ বিলের কারণে গ্রাহকদের আর্থিক ক্ষতির পাশাপাশি নানা ধরনের হয়রানির শিকার হতে হচ্ছে।

দর্শনা পল্লী বিদ্যুতের এজিএম মো. আমিনুল ইসলাম জানান, দর্শনা ও জীবননগর এলাকায় বিদ্যুতের মোট চাহিদা ১৯ মেগাওয়াট হলেও তারা মাত্র ১১ মেগাওয়াট বিদ্যুৎ পান। এর মধ্যে দর্শনা জোনে ৪ মেগাওয়াট এবং জীবননগর জোনে ৭ মেগাওয়াট সরবরাহ করা হয়।

চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলাম সাবু তরফদার বলেন, দর্শনায় অবস্থিত রাষ্ট্রায়ত্ত কেরু অ্যান্ড

কোম্পানি, আন্তর্জাতিক রেলওয়ে, কাস্টমস ও ইমিগ্রেশন চেকপোস্ট সরকারের রাজস্ব আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অথচ বিদ্যুৎ সরবরাহে বৈষম্যের কারণে ঘন ঘন লোডশেডিং হচ্ছে, যা শিল্প উৎপাদন ও রাষ্ট্রীয় আয়ে নেতিবাচক প্রভাব ফেলছে।

তিনি আরও বলেন, ভুতুড়ে বিদ্যুৎ বিলের কারণে সাধারণ গ্রাহকরা চরম ভোগান্তিতে পড়েছেন। এ কারণে দর্শনা পৌর বিএনপির উদ্যোগে পল্লী বিদ্যুতের এজিএম কার্যালয়ে অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে। আগামী সাত দিনের মধ্যে বৈষম্যহীন বিদ্যুৎ সরবরাহ ও ভুতুড়ে বিলের সমস্যা সমাধান না হলে বৃহত্তর কর্মসূচি গ্রহণ করা হবে।

এজিএম মো. আমিনুল ইসলাম বলেন, বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে সমাধানের চেষ্টা করা হবে। এছাড়া কোনো গ্রাহকের বিলে ভুল থাকলে তা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মো. মাহবুবুল ইসলাম খোকন, সাবেক পৌর প্যানেল মেয়র ও পৌর বিএনপির সমন্বয়ক মো. শরিফ উদ্দিন, পৌর বিএনপির সমন্বয়ক নাহারুল ইসলাম মাস্টার, পৌর বিএনপির সমন্বয়ক নাসির উদ্দিন খেদু, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব মো. জালাল উদ্দিনসহ বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা।

দর্শনার রুদ্রনগরে বজ্রপাতে কৃষকের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার রুদ্রনগর গ্রামে বজ্রপাতে নাজমুল ইসলাম (৩০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। তিনি উপজেলার রুদ্রনগর গ্রামের নুর ইসলামের ছেলে।

বৃহস্পতিবার দুপুর ২টার দিকে গোবিন্দপুর ফকিরবাগান মাঠে পাওয়ার ট্রলি দিয়ে জমি চাষ করার সময় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, নাজমুল ইসলাম মাঠে কৃষিকাজে ব্যস্ত ছিলেন। এ সময় হঠাৎ বজ্রপাত হলে তিনি পাওয়ার ট্রলি থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হন। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

খবর পেয়ে পরিবারের সদস্য ও স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে যান এবং তার মরদেহ বাড়িতে নিয়ে আসেন। এ সময় পরিবার ও স্বজনদের আহাজারিতে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

নিহত নাজমুল ইসলামের চার বছর বয়সী একটি কন্যাসন্তান ও দুই বছর বয়সী একটি পুত্রসন্তান রয়েছে। আকস্মিক এ মৃত্যুর ঘটনায় পরিবারটি অসহায় হয়ে পড়েছে।

নাজমুল ইসলামের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে রুদ্রনগরসহ আশপাশের গ্রামের শত শত নারী-পুরুষ তার বাড়িতে ভিড় করেন। তার অকাল মৃত্যুতে পুরো এলাকায় শোকের পরিবেশ সৃষ্টি হয়েছে।

দর্শনায় জয় বাংলা লেখা বোমা সদৃশ্য বস্তু উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ালগাছি রাইসা বিলের মৎস্য অবতরণ কেন্দ্রের সামনে থেকে জয় বাংলা লেখা লাল টেপ দিয়ে মোড়ানো একটি বোমা সদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (২৪ জুন) বেলা ১১ টার দিকে বোমাটি উদ্ধার করে বালতির পানিতে চুবিয়ে রাখে পুলিশ।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, বুধবার সকালে উপজেলার কুড়ালগাছি রাইসা বিলের মৎস্য অবতরণ কেন্দ্রের সামনে জয় বাংলা লেখা লাল টেপ দিয়ে মোড়ানো একটি বোমা সদৃশ্য বস্তু দেখতে পায় বিলের মৎস্যজীবী সমিতির সদস্যরা। এরপর দর্শনা থানা পুলিশের খবর দেয়।

খবর পেয়ে দর্শনা থানার ওসি নজরুল ইসলাম সঙ্গীয় ফোর্স সহ

ঘটনাস্থলে পৌঁছিয়ে বোমাটি উদ্ধার করে বালতির পানিতে চুবিয়ে রাখে।

বিলের সদস্য ও দর্শনা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক মুহিত মিয়া জানান, দুষ্কৃতিকারীরা আতঙ্ক সৃষ্টি করার জন্য এই ঘটনা ঘটাতে পারে বলে ধারণ করা হচ্ছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, কে বা কাহারা বোমা সদৃশ্য বস্তু ঘটনাস্থলে রেখেছে জানা যায়নি। তবে তদন্ত-পূর্ব আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি জানান।

দর্শনায় পৃথক অভিযানে বিস্ফোরক ও মাদক মামলার দুই আসামি গ্রেফতার

দর্শনায় পৃথক অভিযানে বিস্ফোরক ও মাদক মামলায় কলেজ ছাত্রলীগের সহ সম্পাদক প্রভাত আলম ও ওয়াসিম হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ।

রবিবার গভীর রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ নজরুল ইসলামের নেতৃত্বে, বিশেষ অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করে।

পুলিশ জানায়, গত রবিবার রাতে দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে ছাত্রলীগের সহ সম্পাদক প্রভাত আলম (৩২) তাকে একটি বিস্ফোরকদ্রব্য আইনের মামলায় গ্রেফতার করা হয়েছে। অপরদিকে, দক্ষিণ চাঁদপুর গ্রামের শাহজাহানের ছেলে ওয়াসিম হোসেন (৩২)-কে একটি মাদক মামলায় গ্রেফতার করা হয়।

দর্শনা থানা পুলিশ জানায়, গ্রেফতারকৃত দুই আসামির বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে ২১ জুন বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমনে পুলিশের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

[redacted]

[redacted]

এ বিষয়ে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) নজরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ ঘটনায় থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে।